# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের বর্তমান কার্যনির্বাহী কমিটির ৩য় সভা ২৬ নভেম্বর ২০২৫ ইং তারিখ ১৮৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্ণেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| খ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| গ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| ঘ। | লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ঙ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| চ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ, এফআরএসপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ছ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| জ। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঝ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ঐ। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ড। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ঢ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি | - সদস্য |
| ণ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্যসূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের সিনিয়র মুয়াজ্জিন হাফেজ ক্বারী মাওলানা মুফতি মাহমুদুল হাসান মাহদী পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। পরিষদের প্রেসিডেন্ট কর্ণেল এম আব্দুল হাই (অবসরপ্রাপত) এর চিকিৎসা এবং দ্রুত আরোগ্য কামনায় মহান আল্লাহর দরবারে দোয়া করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ</u>**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৩য় সভায় সকল সদস্যগন স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহণ করায় শুভেচ্ছা জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। পরিষদের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান খান, এনডিসি, পিএসসি (অবঃ) এবং সদস্য লেঃ কর্ণেল আব্দুন নুর খান (অবঃ) শারীরকভাবে অসুস্থ্য থাকার কারণে সিএমএইচ ঢাকায় ভর্তি আছে তাঁদের সুস্থ্যতার এবং অতিদ্রুত আমাদের নিকট ফিরে আসার জন্য আল্লাহর নিকট দোয়া কামনা করেন। সভাপতি বলেন যে, সভায় সিদ্ধান্তগুলো সকল সদস্যদের মতামতের ভিত্তিতে নেয়া হবে কোন একক সিদ্ধান্ত গ্রহণ করা হবে না। আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস জাঁকজমক পূর্ণ এবং সুন্দরভাবে উদযাপন করার জন্য গঠিত কমিটি এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। পরিষদ স্টাফদের নিয়ে প্রীতিভোজ এবং দরবার ডিসেম্বর মাসের ৩য় সপ্তাহে করার ব্যাপারে সকলকে অবহিত করেন। বর্তমানে মসজিদে ইমামের বয়ান এবং নামাজ পরিচালনার ব্যাপারে মুসুল্লিদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। তিনি জানান ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নতুন ইমাম পোষ্টিং না দেয়া পর্যন্ত বর্তমান ইমামকে ১০ দিনের ছুটি দেয়া যেতে পারে বলে সভায় উপস্থিত মসজিদ সাব-কমিটির কনভেনারকে পরামর্শ দেন। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ২য় ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) ২য় ইসি সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং পয়েন্টসমূহের গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। কিছু কিছু সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট সদস্যদের আশু ব্যবস্থা গ্রহনের জন্য প্রেসিডেন্ট তাগিদ দেন। পরবর্তীতে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং আলোচনা শেষে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ক্যাপ্টেম এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) মেম্বার এ্যাডমিন প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) ইসি সদস্য সমর্থন করেন। কার্যবিবরণী সভায় অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক অক্টোবর ২০২৫ মাসের আর্থিক খরচের অনুমোদন</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এসএমএ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) অক্টোবর ২০২৫ মাসের আর্থিক খরচের বিষয়টি ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং তিনি ব্যালেন্সসীট সম্পর্কে সকলকে অবহিত করেন। সকল উপস্থিত ইসি সদস্যগণ আর্থিক খরচ সঠিকভাবে পরিচালিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। উক্ত আর্থিক খরচের অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) ইসি সদস্য, প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) মেম্বার সিকিউরিটি এবং ডাঃ পারভীন হক চৌধুরী ইসি সদস্য সমর্থন করেন। অক্টোবর ২০২৫ মাসের আর্থিক খরচ অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৫ ঃ বারিধারা ডিওএইচএস এর গুলশান লিংক রোডের প্রান্তে স্থাপিত গেইট এ বার্জার পেইন্টস বাংলাদেশ লিঃ কর্তৃক প্রদর্শিত বিজ্ঞাপন চুক্তি নবায়ন (০১ ফেব্রুয়ারী ২০২৪ থেকে ৩১ জানুয়ারী ২০২৯) পর্যন্ত নীতিগত ভাবে অনুমোদন দেয়া হয়েছে এবং কার্যক্রম চলমান।</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, উক্ত প্রস্তাবনা সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। এ সময় সেক্রেটারী ব্রিগেঃ জেনা শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) ডিওএইচএস এর বিভিন্ন স্থানে বিজ্ঞাপন প্রদর্শন করার জন্য Signature (BD) Group নামে একটি কোম্পানী প্রস্তাবনা উত্থাপন করেন। উক্ত প্রস্তাবনা যাচাই ও বাছাই পূর্বক ডিওএইচএস এর উন্নয়নের জন্য কি করা যায় এ ব্যাপারে নিম্নবর্ণিত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | |
|---|---|
| সভাপতি ঃ ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ)<br>সদস্য - ১ ঃ ক্যাপ্টেন এম ওমর ফারুক, জি, পিএসসি, বিএন (অবঃ)<br>সদস্য - ২ ঃ মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ০৬ ঃ অত্র এলাকার বাসিন্দাগণ কর্তৃক ব্যবহৃত মোটর সাইকেলের জন্য ২০২৬ সালের স্টিকার দেয়া যায় কিনা/দেওয়া হবে কি না। উল্লেখ্য, এক পরিসংখ্যান/জরিপে বাসিন্দাগণের (অফিস স্টাফ ব্যতীত) ৩২১ টি মোটর সাইকেলের স্টিকার প্রদান করতে হবে। আগামী ২০২৬ সালের জন্য গাড়ীর স্টিকারের রেট/টাকার হার নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বর্তমান ট্রাফিক পদ্ধতি বহাল রাখার পক্ষে ইসি সদস্যগন মতামত পোষন করেন। ইসি মোটর সাইকেল এর জন্য আলাদা স্টিকার প্রদান না করা এবং স্টিকারের রেট পূর্বের মতো রাখার ব্যাপারে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ০৭ ঃ Discussion on points raised by Gp Capt S M A Khalid, ndc, psc.**<br><br>1. Decision on the letter of Puja Committee for Reduction of Hall Rent by 30% and Waving off Lawn Rent and Service Charge:<br><br>Puja Committee has used the Lawn and Terrace for more than 30 days and used Hall No. 3 for 5 days and Hall No. 2 for 3 days. We have not charged anything for the Terrace where the main Puja Mandop was prepared. We have charged the Halls at the lowest permissible rates for members and the Lawn for the rate used for everybody. Service charge we have charged only 50% of normal rate. Their total bill has come out to be 10,31,444.00. So far they have paid only Tk. 2,60,000.00.<br><br>**Decision : After a detail deliberation on the issue EC has agreed to reduce the amount to around Tk. 600,000/- against the raised bill of Tk. 10,31,440.00. Puja committee should be requested to pay remaining amount as soon as possible.** | কনভেনার, কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| 2. Decision on prayer for 3 Months Deferred Payment of Yearly Subscription by the Pond Lease Contractor (Satellite Fisheries Ltd):<br><br>As per Agreement Satellite Fisheries was supposed to pay Tk. 3,23,200.00 as yearly subscription within 10th of November every year. But the owner of Satellite Fisheries, Maj M Abul Bashar (Retd), applied for permission to extend the last payment date of the yearly subscription by 3 months.<br><br>**Decision : EC has agreed to extend for 2 months as against 3 months. Letter may be written to him by Convener, Mosjid Management Sub-committee informing him about the EC decision.** | কনভেনার, মসজিদ কমিটি |

3. Parking Rule at the Entrance of Road No. 8B may be Made West Side only Like Eastern Road.

At the Entrance of Road No. 8B Offices of House No. 484 and 486 Park their Cars, Vans and Motor Cycles in such a way that it becomes difficult to enter/ come out of the road with a car. Some times they occupy the front of house and it becomes difficult to come out of the house.

**Decision : Member Security to pl ensure parking on western side only and use wrecker if necessary to stop Parking on both sides of the road. An amount of Tk. 500/- for car and motor cycle 200/- against wrong parking may be enforced. Residents and tenants of House # 484 and 486 may be notified in writing.**

মেম্বার সিকিউরিটি

4. Decision on Pay Scale of Employees Employed at a Higher Pay than their Scale because of Higher Qualification or Non Availability of Qualified Candidates in the Existing Pay scale.

**Decision :** Gp Capt S M A Khalid, ndc, psc (Retd) suggested that no employee should quote other employees receive extra money for additional qualification and additional experience. President suggested that these requests will be considered based on specific recommendations only. EC has agreed to hold the new pay commission composed as under :

President : Capt (BN) M M Aziz, psc

Members (1) Brig Gen M Mofizur Rahman, psc, P Eng, CMC
(2) Air Cdre SMG Yazdani, psc, PhD
(3) Gp Capt S M A Khalid, ndu, psc

5. Decision Regarding Status of Imam Abdullah (from Rajani Gandha Supermarket) Posted by DGMLC Office and Cantt Board.

**Decision :** বিস্তারিত আলোচনা শেষে, বর্তমান ইমামকে অন্যত্র বদলী করার অনুরোধ করে ডিজিএমএলএন্ডসি অফিস এ চিঠি পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। তিনি আপাততঃ ছুটিতে থাকবেন এবং অন্যত্র বদলী না হওয়া পর্যন্ত তিনি নামাজ পরিচালনা করবেন না।

6. Steps needed to be taken against Long outstanding subscription defaulters.

**Decision :** বিস্তারিত আলোচনা শেষে, বকেয়া সাবস্‌ক্রিপশনের ব্যাপারে সিদ্ধান্ত হয় যে, আগামী বার্ষিক সাধারণ সভায় (এজিএম) সবাইকে জ্ঞাত করে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। বর্তমানে তাদের বিরুদ্ধে বিভিন্ন কার্যকরী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। পরিষদের স্টিকার বন্ধ এবং অন্যান্য সুযোগ সুবিধা বন্ধ থাকবে। তবে এই খেলাপীদের আরও একবার সুযোগ দেয়া হবে। ইসি সদস্যগণ ২০% মওকুফ করে হলেও এই খেলাপী পাওনা রেগুলার করার সুযোগ প্রদানের প্রস্তাব উত্থাপন করলে সর্ব-সম্মতিক্রমে তা গ্রহণ করা হয়। ট্রেজারার শেষবারের মতো এই সিদ্ধান্ত খেলাপীদের অতিসত্ত্বর জ্ঞাত করবেন।

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৮ ঃ Discussion on points raised by Air Cdre SMG Yazdani, psc, PhD.**<br><br>ক। পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য নিয়মিতভাবে সংরক্ষণের জন্য একজন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ প্রদানের বিষয়ে আলোচনা।<br><br>**ব্যাখ্যা ঃ** হিস্টোরিক্যাল ইভেন্ট, বাৎসরিক বিভিন্ন অনুষ্ঠানাদির তথ্য, ইসি মিটিংয়ের মিনিটস্ এবং পরিষদের অতি প্রয়োজনীয় তথ্যাদি ভবিষ্যতের জন্য সংরক্ষণে একজন ফুল টাইম ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা প্রয়োজন। উক্ত ডাটা এন্ট্রি অপারেটর সরাসরি কনভেনার আইটি এর নিয়ন্ত্রণে কাজ করবেন।<br><br>ডাটা এন্ট্রি অপারেটর এর পদমর্যাদা হবে অফিস সহকারীর সমমর্যাদা সম্পন্ন এবং বেতন স্কেলঃ ১৮,৩৯৯.০০ (আঠারো হাজার তিনশত নিরানব্বই)। সর্বমোট বাৎসরিক বেতন হবে ২,২০,৭৮৮০.০০ + ঈদ বোনাস ২২,০৭৮.০০ + বৈশাখী বোনাস ৪,৫৯৯.০০ অর্থাৎ বাৎসরিক বেতন ও ভাতা বাবদ ২,৪৭,৪৬৫.০০ (দুই লক্ষ সাতচল্লিশ হাজার চারশত পঁয়ষট্টি) টাকা খরচ হবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর একজন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগের নীতিগত সম্মতি জ্ঞাপন করেন। তবে এ ক্ষেত্রে এ আই জ্ঞান সম্পন্ন একজন টেকনিশিয়ান নিয়োগের সুপারিশ করা হয় । বিস্তারিত আলোচনা শেষে, সেক্রেটারীয়েট শাখায় অফিস একজিকিউটিভ পদ শূণ্য আছে বিধায় উক্ত পদে এই ডাটা এন্টি অপারেটর নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও<br><br>সংশ্লিষ্ট কমিটি |
| খ। মোবাইল ফোন এর কভারেজ বৃদ্ধির জন্য রাস্তার পাশে ৫০ ফুট টাওয়ার স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা।<br><br>**ব্যাখ্যা ঃ** গ্রামীণফোন এর এন্টেনা টাওয়ার বিভিন্ন ভবনের উপর অবস্থিত যা ঝুঁকিপূর্ণ। ঝুঁকি এড়ানোর লক্ষ্যে বিভিন্ন ভবনের রাস্তার পাশে পর্যায়ক্রমে এন্টেনা পোল বসিয়ে মোবাইল নেটওয়ার্ক প্রাপ্তি যুক্তিযুক্ত। উল্লেখ্য যে, ভূমি হতে পোলের উচ্চতা ৩৬ ফুট এবং এন্টেনাসহ সর্বোচ্চ উচ্চতা হবে ৫০ ফুট। এ কাজে পরিষদের কোন ব্যয় নির্বাহ হবে না।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে এই মর্মে সিদ্ধান্ত হয় যে, উক্ত প্রজেক্ট চালু করার পূর্বে চিহ্নিত স্থান গুলির মালিকদের সাথে আলোচনা করে তারা সম্মত হলে ওই এলাকায় এন্টিনা বসানো যেতে পারে। পরবর্তীতে অন্যরা উদ্ভূত হয়ে হয়ত এন্টিনা লাগানোর ব্যাপারে সম্মত হতে পারে। বর্তমানে ছাদের এন্টিনাগুলি পর্যায়ক্রমে অপসারণ করার ব্যবস্থা নিতে হবে। | কনভেনার, আইটি সাব-কমিটি |
| **আলোচ্যসূচি- ১০ : Discussion on points raised by Capt M Omar Faruque (G) psc, BN**<br><br>ক। বড় বড় গুল্ম লতা ও আগাছায় পুকুরের চারি দিকে পেরাফিড ওয়ালগুলি ঢেকে গেছে। ইহা রিটেইনিং ওয়ালের ক্ষতি হচ্ছে এবং সাপের উপদ্রবও হতে পারে। আগাছা পরিস্কার করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) এই গুলো রাখার পক্ষে মত প্রকাশ করেন এতে করে মাটির ক্ষয় রোধ করবে। | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| খ। **নোটিশ বোর্ড :** মসজিদ ও সিএসডি এর মধ্যবর্তী স্থানের নোটিশ বোর্ডটি অনেক পুরানো যা বিভিন্ন বিজ্ঞপ্তি দিয়ে ভর্তি হয়ে আছে। আরো উল্লেখ্য To-let বিজ্ঞপ্তির সাথে দুইটি Sub-let এর বিজ্ঞপ্তি ও লাগানো হয়েছে। অতি পুরানো ও অপ্রয়োজনীয় বিজ্ঞপ্তির সাথে Sub-let এর বিজ্ঞপ্তিগুলি অপসারণ করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** অপ্রয়োজনীয় বিজ্ঞপ্তির সাথে Sub-let এর বিজ্ঞপ্তিগুলি দ্রুত অপসারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও পূর্বের সিদ্ধান্ত আরও ২টি নোটিশ বোর্ড তৈরীর সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন এবং ডেভেলপমেন্ট সাব-কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>গ। **রিক্সা চলাচল :** বাইরের বিশেষ করে কালাচাঁদপুর ও নর্দার প্যাডেল রিক্সাগুলি এখন এসকেএস/অন্যন্যা সুপার মার্কেটে আসতে পারছে না । ইহাতে বারিধারা ডিওএইচএস বাসিন্দা ও সুপার মার্কেটের ব্যবসায়ীদের অনেক অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বর্তমান ব্যবস্থা বহাল রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী<br><br>মেম্বার সিকিউরিট |
| **আলোচ্যসূচি- ১১: আগামী ২০ ডিসেম্বর ২০২৫ তারিখে বারিধারা ডিওএইচএস লেডিস ক্লাব কর্তৃক পিকনিক উদযাপন করা হবে। উক্ত পিকনিকের জন্য প্রশাসনিক ব্যয় ৮০,০০০/- টাকা অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** পরিষদ হতে লেডিস ক্লাবের পিকনিকের জন্য প্রশাসনিক ব্যয় ৮০,০০০/- টাকা অনুদান প্রদান করার ব্যাপারে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ১২ ঃ সহকারী ইলেকট্রিশিয়ান হতে ইলেকট্রিশিয়ান পদে পদোন্নতি প্রদান ডিএইচএস-বা/১১০/এ্যাডমিন নোটশীট নং-১৩২/২৫ তারিখ ০১ নভেম্বর ২০২৫ অনুমোদন প্রদান করা হয়েছে। ইসি'কে অবহিত রাখা।**<br><br>**সিদ্ধান্ত ঃ** উক্ত নোটশীটের প্রশাসনিক অনুমোদন সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ বারিধারা গেইটে সার্বক্ষনিক সময়ের জন্য গার্ড মোতায়েন রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বারিধারা গার্ড পোষ্টটিকে থাকার উপযুক্ত করার পর ঐ গেইটে ২ জন গার্ড সার্বক্ষনিক ডিউটি করবেন। গেইট রাত ১২ টায় বন্ধ করা হবে তবে পরিষদের স্টিকারযুক্ত গাড়ীসমূহকে ডিওএইচএস এর ভিতরে প্রবেশের জন্য গেট খুলে দিতে হবে। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১৪ ঃ বারিধারা গেইট হতে অনন্যা শপিং কমপ্লেক্স পর্যন্ত Landscaping প্রনয়ণ ও সৌন্দর্য্যবর্ধনের জন্য প্রেজেন্টেশন প্রদানের ব্যাপারে নীতিগত সম্মতি গ্রহণ করা প্রসংগে।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বারিধারা গেইট হতে অনন্যা শপিং কমপ্লেক্স পর্যন্ত Landscaping ও সৌন্দর্য্য বর্ধনের জন্য প্রস্তাব প্রদানকৃত সংস্থা কর্তৃক ইসি সদস্যদের সামনে প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের রূপরেখা উত্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১৫ ঃ Any other business.**<br><br>১। **বিজয় দিবস উদযাপন ঃ** ইসি আসন্ন ১৬ ডিসেম্বর বিজয় দিবস যাঁকজমক পূর্ণ এবং সুন্দরভাবে উদযাপন করার জন্য গঠিত কমিটি এবং সকলকে অনুরোধ জানান। প্রেসিডেন্ট সকল ধরনের প্রস্তুতি গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>২। **পরিষদ স্টাফদের বার্ষিক প্রীতিভোজ ও দরবার ঃ** পরিষদ স্টাফদের নিয়ে প্রীতিভোজ এবং দরবার ডিসেম্বর মাসের ২০ তারিখ (শনিবার) করার ব্যাপারে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ঠ কমিটি<br><br>সেক্রেটারী |

| | |
|---|---|
| ৩। **বার্ষিক সাধারণ সভা (এজিএম)-২০২৫ ঃ** বিস্তারিত আলোচনা শেষে, আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৬ (শনিবার) অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে প্রেসিডেন্ট সকল ইসি সদস্যকে পূর্ব প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ জানান। সেনাসদরকে জানুয়ারিতে না করতে পারার বিষয়টি অবহিত করতে হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |
| ৪। **বার্ষিক পিকনিক উদযাপন-২০২৬ ঃ** কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) প্রেসিডেন্ট এবং আহবায়ক, পিকনিক আয়োজক কমিটি সভায় জানান যে, বারিধারা ডিওএইচএস এর বাৎসরিক পিকনিক আগামী ২৪ জানুয়ারি ২০২৬ রোজ-শনিবার 'আপন ভুবন' পুবাইল, গাজীপুর এ অনুষ্ঠিত হবে। তিনি আরও জানান যে, গঠিত কমিটি কর্তৃক একটি সমন্বয় সভা ২৩ নভেম্বর ২০২৫ অনুষ্ঠিত হয় উক্ত সভায় পিকনিক সুষ্ঠু, সুন্দর ও উপভোগ্যভাবে উদযাপন করার জন্য একটি সাধারন নির্দেশিকা প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। ইতোমধ্যে উক্ত নির্দেশিকা প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। | সংশ্লিষ্ট কমিটি |
| ৫। **ললিতকলী একাডেমীর কার্যক্রম পরিচালনা প্রসংগে ঃ** প্রেসিডেন্ট জানান যে, পরিষদ কর্তৃক পরিচালিত ললিতকলা একাডেমীর কার্যক্রম চলমান রাখতে প্রতিমাসে পরিষদ ফান্ড হতে প্রচুর টাকা ভতুর্কি দিতে হয় এবং ইতোমধ্যে প্রায় ৯ লক্ষ টাকা উক্ত খাতে ঘাটতি রয়েছে। ললিতকলা একাডেমীর ছাত্র/ছাত্রীদের মধ্যে খুবই স্বল্প সংখ্যক ডিওএইচএস এর বাসিন্দা এবং এত ভতুর্কি দিয়ে ললিতকলা একাডেমীর কার্যক্রম পরিচালনা করা যুক্তিযুক্ত নয় মর্মে সকল সদস্য মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে, ললিতকলা একাডেমীর কার্যক্রম আগামী ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ হতে স্থায়ীভাবে বন্ধ করার প্রস্তাবটি সর্ব-সম্মতিক্রমে গৃহিত হয়। | কনভেনার, ললিতকলা একাডেমী |
| ৬। **পরিষদ প্রেসিডেন্ট/সেক্রেটারী অনার বোর্ড তৈরী ঃ** বিস্তারিত আলোচনা শেষে, একই অনার বোর্ডে মনোনীত, এ্যাডহক এবং নির্বাচিত প্রেসিডেন্টদের নাম এর সামনে আলাদা আলাদা লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয় (কপি সংযুক্ত)। | সেক্রেটারী |
| ৭। **৩ জন ক্লিনারের চাকুরীর মেয়াদ বর্ধিত করণ ঃ** মেম্বার এ্যাডমিন ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) সভায় উপস্থাপন করেন যে, ৩ ক্লিনারের মেয়াদ আগামী ডিসেম্বর ২০২৫ মাসে শেষ হবে। তাদের প্রত্যেকের কর্মদক্ষতা ভাল ও অভিজ্ঞ বিধায় মানবিক বিবেচনা করে শেষবারের মত আরও ১ বছর চাকুরীর মেয়াদ বৃদ্ধি সুপারিশ করেন। যতদিন তারা কর্মক্ষম থাকবে ততদিন প্রর্যন্ত চাকুরীতে বহাল রাখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার এ্যাডমিন |
| ৮। **ফিজিওথেরাপী সেন্টার বৃদ্ধি নিয়ে আলোচনাঃ** ফিজিওথেরাপী সেন্টারের শুধুমাত্র ১ টি অতিরিক্ত বেড ও ১টি ট্রেডমিল এর জন্য যতটুকু জায়গা প্রয়োজন ততটুকু বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার মেডিকেল |
| 9. **Minar for Mosque :** 2 x Minar to be constructed in the existing Mosjid to enhance the beauty. Architect may be hired to produce a design and feasibility of constructing the Minars. Convener Mosjid Sub-committee has been entrusted with the task. | Convener Mosjid Sub-committee |
| 10. Gp Capt SMA Khalid, ndu, psc (Retd), informed that Convention Centre had number of cracks at different places on the walls after the recent earthquake. Cantt Board may be approached to carryout a survey and take necessary action. EC approved the proposal. | Secy and Convener Convention Centre |
| 11. **Swimming Pool :** President informed that DOHS swimming pool will be constructed after the Master plan is approved by Ministry of Defense. All proposal has been forwarded to concern place through QMG's Branch. He reassured the EC that the swimming pool will be constructed at the fastest possible time. | Secy |

| | |
|---|---|
| ১২। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী ২৭ ডিসেম্বর ২০২৫ (শনিবার) সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৩ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৬ ডিসেম্বর ২০২৫

**অনুমোদনক্রমে ঃ-**

কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)
প্রেসিডেন্ট
০৬ ডিসেম্বর ২০২৫

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা